# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৪০, ০২৯৯৭৭১০৪৪৩, E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

## ২০২৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/১৫২

তারিখঃ ২১/১২/২০২৫ খ্রি.

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি ময়মনসিংহ শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো:

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (**www.mymensingheducationboard.gov.bd**) এ **৩০/১২/২০২৫** খ্রি.তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩১/১২/২০২৫ থেকে ১০/০১/২০২৬ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **Our Service** এর **Institute Panel** বাটনে ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে বাম পাশের মেন্যুবার থেকে Form Fill Up SSC 2026 এর **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরিক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে Action বাটনের Down Arrow ''↓'' বাটনের ক্লিক করে **Select** করতে হবে।

(গ) এর পর ''Payment'' বাটনে ক্লিক করে ফরম পূরণের ফি পেমেন্ট করতে হবে।

(ঘ) পেমেন্ট সম্পন্ন হলে ''Verify'' বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করতে হবে এবং Final List বাটনে ক্লিক করে Final List Print করতে হবে।

(ঙ) **Final List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।**

(চ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবেন।

(ছ) বিলম্ব ফি সহ ১২/০১/২০২৬ হতে ১৭/০১/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। **ফি জমার সর্বশেষ তারিখ:বিলম্ব ফি ছাড়া ১১/০১/২০২৬ খ্রি. এবং বিলম্ব ফিসহ ১৮/০১/২০২৬ পর্যন্ত।**

| ক্রমিক নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য ২০২৫ সালের পরীক্ষার্থীগণের ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে: | ২৪/১২/২০২৫ খ্রি. |
| (খ) | নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ: | ৩০/১২/২০২৫ খ্রি. |
| (গ) | অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া | ৩১/১২/২০২৫ খ্রি. হতে ১০/০১/২০২৬ খ্রি. |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ : | ১১/০১/২০২৬ খ্রি. |
| (ঙ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ | ১২/০১/২০২৬ হতে ১৭/০১/২০২৬ |
| (চ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ: | ১৮/০১/২০২৬ |

পরীক্ষার মাধ্যম :

৪। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ৩০/১২/২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। উল্লেখ্য ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান আবেদন জমা দিয়েছেন তাদের আর আবেদন করার প্রয়োজন নাই।

**"ছক "**

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

**৫। (ক) ফি এর হার বোর্ডে জমা দিতে হবে) :**

| পরীক্ষার্থীর ধরন (১) | পরীক্ষার ফি (পত্র প্রতি) (২) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) (৩) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরিক্ষার্থী প্রতি) (৪) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) (৫) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) (৬) | অনুমতি ও তালিকা ভূক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) (৭) | স্কাউট ফি (পরীক্ষার্থী প্রতি) (৮) | গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) (৯) | রেজি: নবায়ন ফি (২০১৮-২০১৯ সালের রেজি: ধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) (১০) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | × | ২৫.০০ | ১৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | × | ২৫.০০ | ১৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | × | ১০০.০০ | × | ২৫.০০ | ১৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | × | ১০০.০০ | ২৫.০০ | ১৫.০০ | | |

**বিঃদ্রঃ মাধ্যমিক ও উচ্চ ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০১.২৪.২১৫, তারিখ ১৬/১০/২০২৪ মোতাবেক স্কাউটস ও গার্ল গাইডস ফি আদায় করা হবে।**

(খ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

(১) ১ (এক) থেকে ৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০ (চার শত ) টাকা।

(২) ১ (এক) থেকে ৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪৫০.০ (চার শত পঞ্চাশ টাকা)।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/-(দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা হারে সম্মানী/ পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫ টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/- (সাত) টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/- (দশ) টাকা এবং প্রতিষ্ঠান ০৮ (আট) টাকা হবে।

**(৪) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।**

**(গ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি :**

| বিজ্ঞান বিভাগ (নিয়মিত ৪র্থ বিষয়সহ) | | ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত ৪র্থ বিষয়সহ) | | মানবিক বিভাগ (নিয়মিত ৪র্থ বিষয়সহ) | |
|---|---|---|---|---|---|
| ১। বোর্ড ফি- | ১,৯২০.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১৮৩০.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১৮৩০.০০ টাকা |
| ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৫১৫.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪৮৫.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪৮৫.০০ টাকা |
| | ২৪৩৫.০০ টাকা | | ২৩১৫.০০ টাকা | | ২৩১৫.০০ টাকা |

(ঘ) বিলম্ব ফি: পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা

(ঙ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২৫ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন শিক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

(চ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত ফি কোনভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৬। নিয়মিত পরীক্ষার্থী :

২০২৪-২০২৫ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭। অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী যারা ২০২৪ এবং ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজি: এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছে করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৫ সালের পরীক্ষায় অংশগ্রহন করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০২১-২০২২ সেশনের রেজিঃধারী পরীক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল পরীক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবল এক বছরের জন্য নবায়ন করে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৬ সালের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/ পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :

'ঘ' এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা বোর্ডের **বিদ্যালয় পরিদর্শকের** দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে।

**"ছক"**

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম , পিতা ও মাতার নাম | রেজিঃ নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিঃ কৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

৮। জিপিএ উন্নয়ন :

কেবল ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৬ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে এবং তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ২০২৬ সালের পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে।

৯। বহিস্কৃত পরীক্ষার্থী :

বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। চতুর্থ বিষয়ের সুবিধা :

২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ সেশনের রেজিঃধারী পরীক্ষার্থীরা ২০২৪ ও ২০২৫ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ সেশনের রেজিঃধারী পরীক্ষার্থী যারা ২০২৪ ও ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১। পাঠ্যসূচিঃ

(ক) অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) নিয়মিত পরীক্ষার্থীরা ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীর ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে।

সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে এবং ব্যবহারিক ও ধারাবাহিক মূল্যায়নের হাতে লেখা মূল নম্বর ফর্দ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

**১২। নির্বাচনী পরীক্ষা:**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

২১/১২/২০২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।
ফোন : ০২-৯৯৭৭১০৪৪২
ই-মেইল : conbisemym@gmail.com

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/১৫২ তারিখঃ ২১/১২/২০২৫ খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে:</u> অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ,ঢাকা।
২। পরিচালক (ময়মনসিংহ অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়কে অবগতির জন্য)।
৪। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারী।

<u>কার্যার্থে:</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
২। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ:
৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৪। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৫। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান;
৬। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৭। অফিস কপি।

২১/১২/২০২৫

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
মোবাইল : ০১৭১৮১৫৭৭৮৪